



## বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড শৃংখলা পরিদপ্তর

আনসার চেম্বার (৭ম তলা), ১৪৯ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

স্মারক নং- ২৪ -পাউবো/শৃং/শা-৩/অভি(ক)-০২/২০১৬

তারিখঃ ২৩/১১/১৪২৫ বঙ্গাব্দ  
০৭/০৩/২০১৯ খ্রিঃ

### “দ গু রা দে শ”

ডালিয়া পানি বিজ্ঞান শাখা, বাপাউবো, রংপুর এর শাখা কর্মকর্তা জনাব আবু সৈয়দ মোঃ আমিনুর রশিদ, রংপুর পণ্ডর বিভাগের সম্প্রসারণ উপদর্শক জনাব মোঃ ফিরোজ শাহীনসহ অন্যান্য কর্মচারী কর্তৃক লাঞ্চিত হওয়ার বিষয়ে রংপুর কোতয়ালী থানায় মামলা দায়েরপূর্বক একখানা অভিযোগ দাখিল করেন। উক্ত অভিযোগপত্রে বর্ণিত অভিযোগ সমূহ তদন্ত পূর্বক একখানা পূর্ণাঙ্গ তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-৪৯-পাউবো/শৃং/শা-৩/অভি(ক)-০২/২০১৬ তারিখঃ ১৩/০৩/২০১৬ খ্রিঃ মোতাবেক দায়ী কর্মচারীদের চিহ্নিতকরণ পূর্বক দায়-দায়িত্ব নিরূপণের জন্য একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। উক্ত তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ আনোয়ার হোসেন, এম.এল.এস.এস. (বর্তমানে অফিস সহায়ক), রংপুর পণ্ডর বিভাগ, বাপাউবো, রংপুর এর বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হওয়ায় শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-১৮৬-পাউবো/শৃং/শা-৩/অভি(ক)-০২/২০১৬ তারিখঃ-১৮/১০/২০১৬ খ্রিঃ এর মাধ্যমে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২ মোতাবেক তার বিরুদ্ধে কার্যধারা সূচনা করা হয়। সূচিত কার্যধারায় উল্লিখিত অভিযোগনামার প্রেক্ষিতে তার দাখিলকৃত লিখিত বিবৃতি পর্যালোচনান্তে কর্তৃপক্ষ কর্তৃক সন্তোষজনক বিবেচিত না হওয়ায় প্রবিধান ৫২ মোতাবেক অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্ত করার জন্য শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-০১-পাউবো/শৃং/শা-৩/অভি(ক)-০২/২০১৬ তারিখঃ-০১/০১/২০১৭ খ্রিঃ এর মাধ্যমে এক জন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা অভিযোগ সমূহ তদন্ত করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

২। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামত অভিযোগনামা, আত্মপক্ষ সমর্থনের স্বপক্ষে দাখিলকৃত জবাব ও আনুসংগিক রেকর্ডপত্র পর্যালোচনায় জনাব মোঃ আনোয়ার হোসেন, এম.এল.এস.এস. (বর্তমানে অফিস সহায়ক), রংপুর পণ্ডর বিভাগ, বাপাউবো, রংপুর এর বিরুদ্ধে ১২ (বার) টি অভিযোগের মধ্যে ০৩ (তিন) টি অভিযোগের সত্যতা প্রতিষ্ঠিত হয়েছে অর্থাৎ তিনি ০৩ (তিন) টি অভিযোগে দোষী সাব্যস্ত হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১) (ক) (উ) মোতাবেক তার উপর তার বেতন সংশ্লিষ্ট বেতন স্কেলের ০১(এক) ধাপ নিম্নে অবনমিত করণ (drop off to a lower stage in the concern pay scale) দন্ড আরোপ বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। অতএব, উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোঃ আনোয়ার হোসেন, এম.এল.এস.এস. (বর্তমানে অফিস সহায়ক), রংপুর পণ্ডর বিভাগ, বাপাউবো, রংপুর এর উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ (১)(ক) (উ) মোতাবেক তার বেতন, সংশ্লিষ্ট বেতন স্কেলের ০১(এক) ধাপ নিম্নে অবনমিত করণ (drop off to a lower stage in the concern pay scale) দন্ড আরোপ করা হলো।

৪। এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রহিয়াছে।

০৭/০৩/২০১৯  
(ফেরদৌসি বেগম)

পরিচালক

পরিচিতি নম্বর-৬৩১২৩০০০১

টেলিফোন নং-৯৫৫০৩৫৩

dir.discipline.bwdb@gmail.com


অঃপূঃ

স্মারক নং- ৪৮৫০  
প্রোগ্রামার  
সহকারী প্রোগ্রামার ১/২  
নেটওয়ার্ক প্রকৌশলী  
অফিস সহকারী  
সিস্টেম এনালিস্ট- ১/২  
সিসিটি সেল, বাপাউবো, ঢাকা

তারিখঃ ২৩/৩/১৯  
জরুরী  
প্রয়োজনীয় ব্যবস্থা  
নথিতে পেশ করুন  
নথিতে রাখুন  
শাগিলা পত্র দিন

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর।
২. প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান, বাপাউবো, ৭২, গ্রীণরোড, ঢাকা।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর পওর সার্কেল-১/২, বাপাউবো, রংপুর।
৪. পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫. পরিচালক, কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬. পরিচালক, হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশে উল্লেখিত দস্ত কার্যকর করতঃ অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
৭. সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। (দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৮. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৯. নির্বাহী প্রকৌশলী, উত্তরাঞ্চলীয় পরিমাপ বিভাগ, বাপাউবো, পাবনা।
১০. উপ-পরিচালক/হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, রংপুর/পাবনা।
১১. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন/প্রশাসন), বাপাউবো, ঢাকা।
১২. জনাব মোঃ আনোয়ার হোসেন, এম.এল.এস.এস. (বর্তমানে অফিস সহায়ক), রংপুর পওর বিভাগ, বাপাউবো, রংপুর

  
(ফজলুল করিম)  
উপ-পরিচালক

পরিচিতি নং-৬৪০৩১১০০১  
টেলিফোন নং-৯৫৬৯৭৭৯